

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৯২

বিলোনীয়া, ১৭ জুলাই, ২০২৫

বিলোনীয়ায় দু'দিন ব্যাপী ফুড ফেস্টিভ্যাল সমাপ্ত

দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে দু'দিন ব্যাপী আয়োজিত ফুড ফেস্টিভ্যালের আজ ছিল সমাপ্তি দিন। শচীন দেববর্মণ অডিটোরিয়াম প্রাঙ্গণে আয়োজিত সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না মজুমদার, বিধায়ক প্রমোদ রিয়াং, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাপতি তপন দেবনাথ, জেলাশাসক মোঃ সাজ্জাদ পি, অতিরিক্ত জেলাশাসক হেমন্ত দেববর্মা, বিলোনীয়া মহকুমার মহকুমা শাসক দেবাশিস দাস, বিশিষ্ট সমাজসেবী সায়ন্তন দত্ত প্রমুখ।

অনুষ্ঠানে বিধায়ক স্বপ্না মজুমদার বলেন, দু'দিন ব্যাপী এই ফুড ফেস্টিভ্যালের ব্যাপক সংখ্যায় মানুষের উপস্থিতির ফলে এটি এক মিলন মেলায় পরিণত হয়েছে। এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে মেলবন্ধন সুদৃঢ় হয়। বিধায়ক প্রমোদ রিয়াং বিলোনীয়ায় প্রথমবারের মত এই ফুড ফেস্টিভ্যাল আয়োজন করার জন্য দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনকে ধন্যবাদ জানান। আগামীদিনে জেলার অন্য দুটি মহকুমা যথাক্রমে সাক্রম ও শান্তিরবাজারেও এ ধরনের অনুষ্ঠান আয়োজন করার জন্য তিনি আহ্বান জানান। এই ফুড ফেস্টিভ্যালের বিভিন্ন স্বসহায়ক দলের তিনজন সদস্যকে বেস্ট কুক পুরস্কার দেওয়া হয়। অতিথিগণ তাদের হাতে পুরস্কার তুলে দেন।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্পে দক্ষিণ ত্রিপুরা জেলার বিভিন্ন স্বসহায়ক দলের দিদিদের রান্নার উপর ৩০ দিনের প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ শেষে নিজেদের দক্ষতা তুলে ধরার লক্ষ্যে এই ফুড ফেস্টিভ্যালের তাদের সুযোগ দেওয়া হয়। পাশাপাশি সরকারি বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টলও খোলা হয়। এই ফুড ফেস্টিভ্যালের মানুষ দক্ষিণ ভারতীয়, উত্তর ভারতীয়, চাইনিজ সহ রাজ্যের চিরাচরিত খাবারের স্বাদ উপভোগ করেছেন।
